

আজ কুমিল্লা বিশ্ববিদ্যালয় দিবস

**১০ বছরেও
পূর্ণতা পায়নি**

এসএম জোবায়ের, কুমিল্লা বিশ্ববিদ্যালয় *
আজ কুমিল্লা বিশ্ববিদ্যালয় দিবস। ২০০৬ সালের ২৮ মে কুমিল্লা শহর থেকে ১১ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে কোটবাড়ি শালবন বিহার এবং ময়নামতি জাদুঘরসংলগ্ন পাহাড় আর সমতল ভূমির ওপর প্রতিষ্ঠিত হয় দেশের ২৬তম এ পাবলিক বিশ্ববিদ্যালয়। দেশের পূর্বাঞ্চলের সর্বোচ্চ এ বিদ্যাপীঠে বর্তমানে ১৯টি বিভাগে প্রায় ছয় হাজার শিক্ষার্থী শিক্ষাগ্রহণ করছেন। প্রতিষ্ঠার ১০ বছর পরও পূর্ণতা পায়নি এ বিশ্ববিদ্যালয়। এ অপূর্ণতার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রম পদে-পদে ব্যাহত হচ্ছে বলে মনে করেন বিশ্ববিদ্যালয়ের সচেতন শিক্ষক-শিক্ষার্থীরা। পর্যাপ্ত ভূমি না থাকা, আবাসিক ব্যবস্থার নাজুক অবস্থা, চিকিৎসাসেবার দুর্বলতা, নিরাপদ পানির সমস্যা, অবকাঠামো সমস্যা, গ্রন্থাগার ও শ্রেণিকক্ষ সংকট, হলে পাঠাগার না থাকা, কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্বে অবহেলা এবং শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে অসদাচরণসহ নানা কারণে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।